



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.১৯.০০৭.১৯-২৫৭

তারিখ: ২৯ মাঘ ১৪২৯
১২ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: জনাব মুহাম্মদ হারুন-অর-রশীদ, হিসাবরক্ষক (সীতাকুন্ড পৌরসভায় বদলির আদেশাধীন) এর যোগদানপত্র গ্রহণ প্রসঙ্গে।

- সূত্র: ১. স্থানীয় সরকার বিভাগের স্মারক ৪৬.০০.০০০০০.০৬৩.১৯.০০৭.১৯-১২, তারিখ: ০২ জানুয়ারি ২০২৩;
২. ভারপ্রাপ্ত মেয়র (প্যানেল মেয়র-১), সীতাকুন্ড পৌরসভা পত্র নং সী.পৌ./২০২৩/০৫, তারিখ: ০৯ জানুয়ারি ২০২৩;
৩. জনাব মুহাম্মদ হারুন-অর-রশীদ, হিসাবরক্ষক, সীতাকুন্ড পৌরসভা(বদলির আদেশাধীন) এর আবেদন, তারিখ: ১১ জানুয়ারি ২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৭৩(৫)-এ উল্লেখ রয়েছে, “উপ-ধারা (১) ও (২) এর অধীন নিয়োগপ্রাপ্ত যে কোন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশাসনিক প্রয়োজনে নির্ধারিত কর্তৃপক্ষ তাহার এখতিয়ারাধীন এক পৌরসভা হইতে অন্য পৌরসভায় বদলী করিতে পারিবে” (কর্তৃপক্ষ অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সরকারি কর্মকর্তা)। এছাড়া, পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ১১-এ উল্লেখ রয়েছে, “কর্মকর্তা বা কর্মচারীর বদলী, যোগদান ও অন্যান্য: (১) জনস্বার্থে তথা পৌরসভার প্রশাসনিক স্বার্থে সরকার পৌরসভার নিয়ামক কর্তৃপক্ষ হিসেবে পৌরসভার যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে এক পৌরসভা হইতে অন্য পৌরসভায় বদলীর আদেশ প্রদান করিতে পারিবে”।

২। উক্ত আইন ও বিধিগত এখতিয়ার বলে, স্থানীয় সরকার বিভাগের সূত্রস্থ স্মারক ৪৬.০০.০০০০০.০৬৩.১৯.০০৭.১৯-১২, তারিখ: ০২ জানুয়ারি ২০২৩ মূলে জনাব মুহাম্মদ হারুন-অর-রশীদ, হিসাবরক্ষক-কে নাজিরহাট পৌরসভা হতে সীতাকুন্ড পৌরসভায় বদলি করা হয়। কিন্তু, জনাব মুহাম্মদ হারুন-অর-রশীদ, হিসাবরক্ষক এর যোগদান পত্র অদ্যাবধি গ্রহণ করা হয়নি মর্মে উক্ত কর্মচারী সূত্রস্থ ৩ নং আবেদনে উল্লেখ করেছেন, যা মন্ত্রণালয়ের বিধিসম্মত আদেশ পালনে অস্বীকৃতি জ্ঞাপন তথা বিধি-নিষেধ পরিপন্থী কার্যকলাপের শামিল।

৩। এমতাবস্থায়, প্রশাসনিক মন্ত্রণালয় প্রদত্ত আইন ও বিধিসম্মত আদেশ বাস্তবায়নের লক্ষ্যে সীতাকুন্ড পৌরসভায় বদলির আদেশাধীন জনাব মুহাম্মদ হারুন-অর-রশীদ, হিসাবরক্ষক-এর যোগদানপত্র অবিলম্বে গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২/০২/২০২৩
মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়র
সীতাকুন্ড পৌরসভা
চট্টগ্রাম

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)